ফেসবুক স্ট্যাটাসে আসিফ আকবরের ‘দুঃখ প্রকাশ’

সোশ্যাল মিডিয়ায় বেশ সক্রিয় বাংলা গানের যুবরাজ আসিফ আকবর। দরাজ কণ্ঠ দিয়ে যেভাবে সঙ্গীতপ্রেমীদের মন জয় করে নিয়েছেন তেমনি ফেসবুকেও বেশ জনপ্রিয় এই কণ্ঠশিল্পী।

এবার ভক্তদের উদ্দেশ্যে দুঃখ প্রকাশ করে স্ট্যাটাস দিয়েছেন।

এবারের একুশে বইমেলায় তার প্রথম বই ‘পোটকরা টু ম্যানহাটান’ প্রকাশ পেয়েছে। বইয়ের দাম একটু বেশি হওয়ায় দুঃখ প্রকাশ করে শনিবার নিজের ফেসবুক পেজে একটি স্ট্যাটাস দেন আসিফ আকবর।

তার সেই স্ট্যাটাসটির সংশ্লিষ্ট অংশ পাঠকের উদ্দেশে তুলে ধরা হলো –

‘ মেলা শেষ হলে স্টুডেন্টদের জন্য বইটিতে সর্বোচ্চ ছাড় দেয়া হবে। যেন ক্রয়ক্ষমতার কাছাকাছি থাকে। সেক্ষেত্রে শুধু শিক্ষাপ্রতিষ্ঠানের আইডি দেখালেই যে কোনো লাইব্রেরি থেকে বইটি সংগ্রহ করা যাবে। কিছু জটিলতার জন্য এখনি এই সুযোগটা দিতে পারছিনা। এজন্য দু:খিত। আমি চাই সবাই বইটি পড়ুক। আমি পেশাদার লেখক নই, তাই বাণিজ্যিক চিন্তাও মাথায় নেই। অন্যধারার প্রকাশক আমার সঙ্গে একমত পোষন করেছেন। আমি চাই বইয়ে লেখা মেসেজগুলো ছড়িয়ে পড়ুক তরুন প্রজন্মের মাঝে।

মহান ভাষা শহীদদের প্রতি রইলো বিনম্র শ্রদ্ধা।’

সুত্র-যুগান্তর

‘শাকিবের চেহারা সুন্দর হলেও

হিরো আলমের চেয়ে জনপ্রিয় নন’

হিরো আলমের প্রযোজনায় প্রথম সিনেমা ‘সাহসী হিরো আলম’ সিনেমাটি মুক্তি পাবে আগামী ২৭ মার্চ।

ছবিটি পরিচালনা করেছেন চলচ্চিত্র পরিচালক এআর মুকুল নেত্রবাদী।

তার দাবি, ঢালিউড সুপারস্টার শাকিব খানের চেহারা ভালো হলেও তিনি হিরো আলমের চেয়ে জনপ্রিয় নন।

ছবির নাম ভূমিকায় অভিনয় করেছেন হিরো আলম। তার বিপরীতে তিন নায়িকা অভিনয় করেছেন।

এরই মধ্যে হিরো আলমের ছবির পোস্টার মুক্তি পেয়েছে। পোস্টারে উদোম শরীরে অজগর পেঁচিয়ে দাঁড়িয়ে আছেন হিরো আলম। পোস্টারের ওপরের দিকে তিন নারীর সঙ্গে অন্তরঙ্গ ভঙিমায় তিনি। পোস্টারে হেলিকপ্টারেও হিরোকে ঝুলতে দেখা যাচ্ছে।

সামাজিকমাধ্যমে পোস্টার প্রকাশের পর অনেকেই হাসির ইমোকন দিচ্ছেন। অনেকেই নেতিবাচক মন্তব্য করছেন। ছবির মান ও রুচি নিয়েও প্রশ্ন তুলেছেন।

এ ব্যাপারে পরিচালক মুকুলের ভাষ্য– যেহেতু সেন্সর বোর্ড ছবিটির অনুমতি দিয়েছে, তাই ছবিটি ভালো ছবি। কারণ যারা সেন্সর বোর্ডে বসে আছেন, তারা তো আর মূর্খ নন। তা ছাড়া হিরো আলম বাংলাদেশে তুমুল জনপ্রিয়। দেশের বাইরেও তার ফ্যান রয়েছে।

‘শাকিব খানের চেহারা ভালো আর হিরো আলমের চেহারা খারাপ… বর্তমানে শাকিব সবচেয়ে জনপ্রিয় সিনেমাপ্রেমীদের কাছে। আর হিরো আলম সব শ্রেণির মানুষের কাছে জনপ্রিয়। যে কারণে আমি মনে করি, শাকিব খান হিরো আলমের চেয়ে বেশি জনপ্রিয় নন।’

মেপ্র/আরজেএম

মারা গেছেন অভিনেতা তাপস পাল

মারা গেছেন ভারতীয় অভিনেতা তাপস পাল। মঙ্গলবার ভোররাতে মুম্বইয়ের বেসরকারি হাসপাতালে মৃত্যু হয়েছে। তার বয়সহয়েছিল ৬১ বছর।

তাপস পালের পরিবার জানিয়েছে, দীর্ঘদিন ধরে স্নায়ুর রোগে ভুগছিলেন তিনি। কথা বলা ও চলা–ফেরায় সমস্যা ছিল। ১ফেব্রুয়ারি বান্দ্রার হাসপাতালে ভর্তি হওয়ার পর থেকেই তিনি ভেন্টিলেশনে ছিলেন। ৬ ফেব্রুয়ারি ভেন্টিলেশন থেকে বের করাহয়। গতকাল রাতে আবার অসুস্থ হয়ে পড়েন তাপস পাল। রাত ৩টা ৩৫ মিনিটে তার মৃত্যু হয়।

২২ বছর বয়সে মুক্তি পায় তাপস পালের প্রথম ছবি ‘দাদার কীর্তি’। এরপর একের পর এক ব্যবসা সফল ছবি উপহার দিয়েছেনদর্শকদের। তার উল্লেখযোগ্য ছবিগুলির মধ্যে রয়েছে ‘সাহেব’, ‘অনুরাগের ছোঁয়া’, ‘পারাবত প্রিয়া’, ‘ভালোবাসা ভালোবাসা’।‘সাহেব’ ছবির জন্য তিনি ফিল্ম ফেয়ার পুরস্কার পেয়েছিলেন।

বাংলার পাশাপাশি তাপস পাল অভিনয় করেছেন হিন্দি ছবিতেও। মাধুরী দীক্ষিতের বিপরীতে অভিনয় করেছিলেন ‘অবোধ’ ছবিতে।

মেপ্র/আরজেএম

[redacted]

[redacted]

মেপ্র/আরজেএম

গান গেয়ে নিজে কাঁদলেন, দর্শকদেরও কাঁদালেন এন্ড্রু কিশোর

অসুস্থতা সত্ত্বেও গান গেয়ে শ্রোতাদের আবেগে ভাসিয়েছেন জনপ্রিয় সংগীতশিল্পী এন্ড্রু কিশোর।

সিঙ্গাপুরের জালান বুকিত মেরাহর গেটওয়ে থিয়েটারে জনপ্রিয় এই শিল্পীর সম্মানে একটি কনসার্টের আয়োজন করা হয়। চিকিৎসকদের অনুমতি নিয়ে সেখানে হাজির হন এন্ড্রু কিশোর।

এতে গান গেয়েছেন সৈয়দ আব্দুল হাদী, সাবিনা ইয়াসমিন, মিতালী মুখার্জি ও এন্ড্রু কিশোরের শিষ্য মোমিন বিশ্বাস। রোববারের ওই কানসার্টটির নাম দেয়া হয়েছিল– ‘এন্ড্রু কিশোরের জন্য ভালোবাসা’।

এন্ড্রু কিশোর মঞ্চে আসেন হুইলচেয়ারে বসে। মাথায় ছিল হ্যাট আর গায়ে লাল পাঞ্জাবি। ‘জীবনের গল্প, আছে বাকি অল্প…’ গানটি গেয়ে তিনি দর্শকদের আবেগে ভাসান। তিনি বলেন, আমি কৃতজ্ঞ আপনাদের এমন ভালোবাসায়।

শিল্পীর এই চেনা কণ্ঠ শুনে মিলনায়তনের বহু দর্শক কেঁদে উঠেছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে এন্ড্রু কিশোর বলেন, শিল্পী হিসেবে আমার দেশের প্রধানমন্ত্রী যে ভালোবাসা ও দায়িত্বের দৃষ্টান্ত স্থাপন করেছেন, তাতে আমার কৃতজ্ঞতা জানানোর ভাষা নেই।

তিনি জানান, এ ছাড়া দেশে এবং দেশের বাইরে থেকে যেভাবে মানুষ আমার

জন্য দোয়া ও ভালোবাসা প্রদর্শন করেছেন, তা আমাকে শক্তি ও সাহস জুগিয়েছে। সবার কাছে আমি শুধু দোয়াটুকু চাইছি।

বিয়ের কথা বলে সালমানকে কাঁদালেন শিল্পা শেঠি

আলোচিত রিয়েলিটি শো বিগ বসের ঘরে অতিথি হয়ে এসেই বন্ধু সালমান খানের সঙ্গে জমিয়ে মজা করেছেন শিল্পা শেঠি। নিজের নতুন ছবির প্রচারে এসেছিলেন শিল্পা। সেখানে সালমানের সঙ্গে নেচেছেন, দুই বন্ধু পরস্পরের প্রশংসাও করেছেন।

শোর এক পর্যায়ে সালমানকে বেকায়দায় ফেলে দেন শিল্পী শেঠি। ‘তাড়াপ তাড়াপ’ গানের ‘মে লুট গায়ি তেরি মোহাব্বত মে’ (তোমার ভালোবাসায় আমি সর্বস্বান্ত হয়ে গেছি) লাইনগুলোর সাথে নাচছিলেন সালমান। সঙ্গে তাল মেলাচ্ছিলেন শিল্পাও।

এক পর্যায়ে সালমানের কাছে এসে শিল্পা বলেন, ‘বিয়ে করে দেখো। তাহলে বুঝতে পারবে সত্যিকারের সর্বস্বান্ত হয়ে যাওয়া কাকে বলে!’ শিল্পার এ কথা শুনে সরাসরি জবাব দেননি সালমান। তবে কান্নায় ভেঙে পড়ার ভঙ্গি করেন সালমান।

‘তাড়াপ তাড়াপ’ গানটি ব্যবহৃত হয়েছিল সালমান ও ঐশ্বরিয়া রাই অভিনীত ‘হাম দিল দে চুকে সানাম’ ছবিতে। ঐশ্বরিয়া রাইয়ের বাস্তবেও প্রেমের সম্পর্ক ছিল সালমানের। পরে নানা কারণে সেই সম্পর্ক টেকেনি। অভিষেক বচ্চনকে বিয়ে করে ঐশ্বরিয়া ঘর বাঁধলেও এখনো বিয়ে করেননি সালমান।

সুত্র- বাংলাদেশ প্রতিদিন

আরো পড়ুন –

ভাগ্যিস, সন্তান হওয়ার আগেই ডিভোর্সটা হয়েছিল: পাখি

বিচ্ছেদের চার বছর পর ডিভোর্সের কারণ জানালেন ভারতের পশ্চিমবঙ্গের ছোট পর্দায় মধুমিতা সরকার।

২০১১ সালে ‘সবিনয় নিবেদন’ নামের একটি সিরিয়ালে কাজ করতে গিয়ে সৌরভ চক্রবর্তীর সঙ্গে প্রেম হয়। এরপর ২০১৫ সালের ২৬ জুলাই বিয়েও করেন তারা।
কিন্তু বেশিদিন টিকেনি তাদের সংসার। হয়েছে বিচ্ছেদ।

সৌরভের সঙ্গে বিচ্ছেদের এতদিন পর আবার সম্পর্ক ভাঙার বিষয়ে সামনে চলে এলো।

মধুমতি অভিনীত ‘লাভ আজ কাল পরশু’ মুক্তি পাচ্ছে শিগগিরই। এতে তার বিপরীতে আছেন অর্জুন চক্রবর্তী।

ছবিটির প্রচারণায় আসতেই গণমাধ্যমকর্মীরা মধুমিতাকে পুরনো সম্পর্ক ভাঙার বিষয়ে জানতে চান।

এসময় মধুমিতা বলেন, কোনো একটা কারণে তো সম্পর্ক ভাঙে না। পরস্পরের বিরুদ্ধে ক্ষোভ নেই আমাদের। সৌরভ ভালো মানুষ। ও খুব ভালো থাকুক, সেটাই চাইব। কিন্তু আমার সঙ্গে ওর ঠিক বনিবনাটা হলো না।

তিনি বলেন, আমাদের দু’জনের ভাবনাচিন্তা, দৃষ্টিভঙ্গি খুবই আলাদা। সম্পর্কেও সেই কারণে সমস্যা তৈরি হচ্ছিল। তাই আমরা দু’জনে কথা বলে, ভেবেচিন্তে সিদ্ধান্ত নিয়েছি। ভাগ্য ভালো একটা নতুন প্রাণকে পৃথিবীতে আনার আগে যে আমরা আলাদা হয়ে গিয়েছি।

সৌরভের সঙ্গে মিথ্যা আশ্বাসের ওপর ভিত্তি করে তার সঙ্গে সংসার করেছেন বলেও মন্তব্য এ অভিনেত্রীর। তিনি বলেন, আমি যত দিন সৌরবের সঙ্গে ছিলাম, মিথ্যাটাকেই হয় তো বিশ্বাস করতে চেয়েছিলাম।

সুত্র-যুগান্তর

আরো পড়ুন-করোনাভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে ৮১৩, ছাড়িয়ে গেল সার্সকেও

কেশবপুরের এমপি হচ্ছেন চিত্রনায়িকা শাবানা?

কিংবদন্তি চিত্রনায়িকা শাবানা ও তার স্বামী ওয়াহিদ সাদিকসহ গণসংযোগ শুরু করতে কেশবপুরে আসছেন।

মঙ্গলবার সকালে তারা কেশবপুর আসবেন। ওয়াহিদ সাদিক সাংবাদিকদের তাদের আগমন নিশ্চিত করেছেন।

তাদের আগমন উপলক্ষে কেশবপুরে তোরণ নির্মাণ করা হয়েছে। চলছে মঞ্চ নির্মাণের কাজ। তারা বড়েঙ্গা গ্রাম থেকে গণসংযোগ শুরু করবেন।

এ ঘটনা কেশবপুরে চাউর হলে সব স্তরের মানুষের মাঝে ‘টক অব দ্যা কেশবপুরে’পরিণত হয়েছে। বিশেষ করে কেশবপুরের এমপি সাবেক জনপ্রশাসন মন্ত্রীর মৃত্যুর পর কেশবপুরে চলছে নানা রাজনৈতিক সমীকরণ।

কে হবেন আগামীতে উপ নির্বাচনে নৌকার প্রার্থী, এই প্রশ্নে বিভক্ত হয়ে পড়েছে কেশবপুর শাখা আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতা কর্মীরা। এর মধ্যে শাবানার আগমন এলাকায় নতুন মাত্রা পেয়েছে।

ইতিপূর্বে যে কয়বার শাবানা কেশবপুরে এসেছেন তিনি কখনো জনসভা করেননি। এবার গণসংযোগের তাদের আগমনের জন্য বড়েঙ্গা গ্রামে তোরণ নির্মাণ করা হয়েছে। প্রচার চলেছে এলাকায়।

শাবানার স্বামী ওয়াহিদ সাদিকের বাড়ি কেশবপুরের বড়েঙ্গা গ্রামে। প্রয়াত সাবেক জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমত আরা সাদেকের স্বামী প্রয়াত শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের বাড়িও কেশবপুরের বড়েঙ্গা গ্রামে। বড়েঙ্গা গ্রামের একই উঠানের দুই প্রান্তে দুইজনের শ্বশুরবাড়ি।

শাবানার নিকটজন সাবেক আওয়ামী লীগের সংসদ সদস্য আবদুল হালিমের বাড়িও একই উঠানের অপর প্রান্তে।

আবদুল হালিমের ছেলে সাবেক ইউপি চেয়ারম্যান আবদুল্লাহ আল-নুর-আহসান বাচ্চু জানান, এবার শাবানা এবং তার স্বামীর কেশবপুর সফর নির্বাচনী গণসংযোগের অংশ। তিনি কেশবপুর থেকে নির্বাচনের আশা ব্যক্ত করছেন। কেশবপুরে আগামী সংসদ উপনির্বাচনে তাদের অবস্থান স্পষ্ট করবেন। নির্বাচন করার প্রস্তুতি কথা জানাবেন।

পাঁজিয়ার গড়ভাঙ্গা গ্রামের আবদুল করিম বলেন, ‘কেশবপুরের জন্য একজন উদার সংসদ সদস্য চান কেশবপুরের মানুষ। তারা আওয়ামী লীগের নিবেদিত প্রাণ কর্মী হলেও অত্যাচার নির্যাতন সহ্য করতে হয়েছে এই সময়েও। শাবানা মনোনয়ন পেলে এবং জয়লাভ করলে সাধারণ জনগণ ভালো থাকবেন বলে তিনি দাবি করেন।’

কেশবপুর প্রেসক্লাব সংলগ্ন চায়ের দোকানে বসে আওয়ামী লীগ নেতাকর্মীদের মধ্যে আলোচনার মূখ্য বিষয় ছিল শাবানার কেশবপুর সফরকে নিয়ে।

শাবানার স্বামী ওয়াহিদ সাদিক যুগান্তরকে বলেন, ‘তারা নির্বাচনী গণসংযোগে আসছেন। তাদের মনোনয়ন নিয়ে আওয়ামী লীগের সভাপতি ও সরকার প্রধানের সঙ্গে কথা হয়েছে। এরপর তারা কেশবপুরে আসছেন গণসংযোগে।

যশোর-৬ কেশবপুর সংসদীয় আসনের সংসদ সদস্য সাবেক জনপ্রশাসন মন্ত্রী ইসমত আরা সাদেক ২১ জানুয়ারি মারা যান। জাতীয় সংসদে ২৮ জানুয়ারি আসনটি শূন্য ঘোষণা করা হয়।

সুত্র-যুগান্তর

পাকিস্তানে মারা গেলেন শাহরুখ

খানের চাচাতো বোন

বলিউড সুপারস্টার শাহরুখ খানের চাচাতো বোন নূর জিহান (৫২) মঙ্গলবার পাকিস্তানের একটি হাসপাতলে মারা গেছেন।

পাকিস্তানের পেশোয়ারের ওই হাসপাতালে দীর্ঘদিন ধরে তিনি চিকিৎসা নিচ্ছিলেন। খবর জিও নিউজের।

পেশোয়ারের কিসসা খাওয়ানি বাজারের কাছে শাহওয়ালি কাতালে থাকতেন নূর জিহান।

তিনি দীর্ঘদিন ধরে ওরাল ক্যান্সারে ভুগছিলেন বলে জানান তার স্বামী আসিফ বুরহান।

রাজনৈতিকভাবে বেশ সক্রিয় ছিলেন নূর জিহান। জেলা ও শহর কাউন্সিলর হিসেবেও দায়িত্ব পালন করেছেন তিনি।

২০১৮ সালে পাকিস্তানের সাধারণ নির্বাচনে পেশোয়ারের একটি (পিকে-
৭৭) আসনে অংশগ্রহণ করতে মনোনয়নপত্রও জমা দিয়েছিলেন তিনি। তবে শেষ মুহূর্তে তা প্রত্যাহার করে নেন।

যৌন ব্যবসার অভিযোগে দুই অভিনেত্রীসহ পরিচালক গ্রেপ্তার

নবীন কুমার প্রেমলাল আরিয়া নামের এক কাস্টিং পরিচালককে গ্রেপ্তার করেছে ভারতের মুম্বাই পুলিশের সোশ্যাল সার্ভিস ব্রাঞ্চ। তার বিরুদ্ধে যৌন ব্যবসা পরিচালনার অভিযোগ রয়েছে।

৩২ বছর বয়সী ওই পরিচালকের বিরুদ্ধে শহরে যৌনচক্র চালানোর অভিযোগ রয়েছে। সেইসঙ্গে ১৮ ও ২৫ বছর বয়সী দুই অভিনেত্রীকেও এই ব্যবসায় জড়িত থাকার অভিযোগে আটক করা হয়।

পুলিশ জানায়, অভিযুক্ত নবীন ওই দুই অভিনেত্রীকে ৬০ হাজার রুপি

ভাড়ায় বিভিন্ন স্থানে পাঠাতেন।

সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমসের প্রতিবেদনে জানা যায়, বন্ধুদের সহায়তায় পাঁচ বছর ধরে যৌন ব্যবসা পরিচালনা করে আসছিলেন নবীন। তার দুই বন্ধু অজয় শর্মা ও বিজয়কেও খুঁজছে পুলিশ। পুলিশ কর্মকর্তা সন্দেশ রেওয়ালে বলেন, একজন ছদ্মবেশী ব্যক্তি নবীন কুমারের সঙ্গে যোগাযোগ করে। এ সময় নবীন দুই নারীকে ৬০ হাজার রুপির বিনিময়ে তার কাছে পাঠাতে রাজি হন। সেইসঙ্গে ওই ব্যক্তিকে হোটেলে রুম ভাড়া নিতে বলেন।

পরবর্তী সময়ে দুই নারীসহ নবীন নির্দিষ্ট স্থানে পৌঁছালে পরিচয় নিশ্চিত হওয়ার পর তাকে গ্রেপ্তার করা হয়। জবানবন্দি গ্রহণের পর ওই দুই নারীকেও আটক করা হয়। অনুসন্ধানে জানা যায়, ওই দুই নারীর বাড়ি দিল্লিতে এবং গত বছর থেকে তারা যৌন ব্যবসার সঙ্গে জড়িত।

মেপ্র/ ইন্টারনেট